# সালমান শাহ হত্যা মামলায় অভিনেতা ডন গ্রেফতার



সালমান শাহ, ডন হক । ছবি: সংগৃহীত

চিত্রনায়ক সালমান শাহের মৃত্যু সংক্রান্ত হত্যা মামলায় অভিনয়শিল্পী আশরাফুল হক ডনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (৯ আগস্ট) বিমানবন্দর এলাকা থেকে তাকে আটক করা হয়।

বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুল হাসান তালুকদার জানান, ইমিগ্রেশন পুলিশের মাধ্যমে ডনকে গ্রেফতার করা হয়েছে। পরে মামলার তদন্তকারী সংস্থা পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) তাকে নিজেদের হেফাজতে নেয়। মামলাটি বর্তমানে সিআইডির তদন্তাধীন রয়েছে।

সালমান শাহের মৃত্যুর প্রায় ২৯ বছর পর গত বছর ঘটনাটিকে হত্যা মামলা হিসেবে তদন্তের নির্দেশ দেন আদালত। ঢাকার ষষ্ঠ অতিরিক্ত মহানগর দায়রা জজ জান্নাতুল ফেরদৌস ইবনে হক এ বিষয়ে আদেশ দেন।

LENS ASIA

সালমান শাহের মৃত্যুর কারণ অনুসন্ধানে এর আগে একাধিক সংস্থা তদন্ত করেছে। সর্বশেষ পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) তাদের তদন্ত প্রতিবেদনে অভিনেতার মৃত্যুকে আত্মহত্যা হিসেবে উল্লেখ করে। তবে সালমান শাহের পরিবার ও ভক্তদের একটি অংশ ওই সিদ্ধান্ত মেনে নেয়নি।

এরপর গত বছরের ২১ অক্টোবর রমনা থানায় সালমান শাহের মামা মোহাম্মদ আলমগীর বাদী হয়ে হত্যা মামলা করেন। মামলায় সালমান শাহের সাবেক স্ত্রী সামিরা হক, অভিনয়শিল্পী ডনসহ মোট ১১ জনকে আসামি করা হয়।

দীর্ঘদিন ধরে সালমান শাহের মৃত্যুর প্রকৃত কারণ নিয়ে নানা আলোচনা থাকলেও নতুন করে হত্যা মামলা হওয়ার পর বিষয়টি আবারও তদন্তের আওতায় আসে। বর্তমানে মামলাটির তদন্ত করছে সিআইডি।